



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 20
Class - 2

Subject : Bengali Text
Topic : আমরা বাঙালি

Date : 13.11.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) আমরা কোন্ রাজ্যে বাস করি, পূর্বে এই রাজ্যটির বিভিন্ন অংশের কী কী নাম ছিল ও রাজ্যটি কোন্ রাষ্ট্রের অন্তর্গত এবং এই রাজ্যের অধিবাসীরা কী নামে পরিচিত?

উঃ আমরা পশ্চিমবঙ্গ রাজ্যে বাস করি। পূর্বে এই রাজ্যটির বিভিন্ন অংশের নাম ছিল রাঢ়, গৌড়, পৌণ্ড্র ও বারেন্দ্রভূমি। রাজ্যটি ভারতবর্ষের অন্তর্গত। এই রাজ্যের অধিবাসীরা 'বাঙালি' নামে পরিচিত।

২) কোন্ কোন্ স্থানের অধিবাসীরা বাংলা ভাষায় কথা বলে, এই ভাষার বয়স কত ও এই ভাষায় কি কি রচিত হয়েছে এবং কত মানুষ এই বাংলা ভাষায় কথা বলে?

উঃ পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উভয় স্থানের অধিবাসীরা বাংলা ভাষায় কথা বলে। এই ভাষার বয়স মাত্র এক হাজার বছর। এই ভাষায় রচিত হয়েছে সেরা কবিতা, গান, গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ, ভ্রমণ কাহিনি ইত্যাদি। পৃথিবীর প্রায় ২৪ কোটি মানুষ এই বাংলা ভাষায় কথা বলে।

৩) আগে 'বঙ্গ' বলতে কোন্ জায়গাকে বোঝাত ও কার আমলে বঙ্গদেশের 'বঙ্গাল' নাম হয়েছিল, পূর্ববঙ্গ বর্তমানে কী নামে পরিচিত এবং প্রথমে এটি কোন্ রাষ্ট্রের অন্তর্ভুক্ত ছিল?

উঃ আগে 'বঙ্গ' বলতে শুধু পূর্ববঙ্গকে বোঝাত। সম্রাট আকবরের আমলে বঙ্গদেশের 'বঙ্গাল' নাম হয়েছিল। পূর্ববঙ্গ বর্তমানে বাংলাদেশ নামে পরিচিত। প্রথমে এটি পাকিস্তান রাষ্ট্রের অন্তর্ভুক্ত ছিল।

_____ x _____

Rita Das